ফাতওয়া নাম্বার:২৬২ প্রকাশকালঃ১৪-০৭-২০২১ ইং

আঞ্জুমানে মুফিদুল ইসলাম নামক সংগঠনে কি যাকাত দেয়া যাবে?

প্রশ্নঃ

আঞ্জুমানে মুফিদুল ইসলাম নামক সংগঠনে কি যাকাত দেয়া যাবে?

প্রশ্নকারী-আবদুর রহমান

উত্তরঃ

بسم الله الرحمن الرحيم

الحمد لله، والصلاة والسلام على رسول الله، أما بعد.

যাকাতের খাত শরীয়তে নির্ধারিত। যাকাত আদায় হওয়ার জন্য যাকাতের অর্থ নিজে বা অন্য কারো মাধ্যমে যাকাত গ্রহণের উপযুক্ত কোনো গরীব মুসলিমকে মালিক বানিয়ে দেয়া জরুরি। কাফিরকে দিলে কিংবা জনকল্যাণমূলক কাজে ব্যয় করলে যাকাত আদায় হয় না। আমাদের জানামতে আঞ্জুমানে মুফিদুল ইসলাম তাদের যাকাতের অর্থ প্রদানের জন্য শরীয়াহ নির্ধারিত খাত নিশ্চিত করে না; বরং তাদের দৃষ্টিতে যেকোনো কল্যাণমূলক কাজে ব্যয় করাই যথেষ্ট মনে করে। সুতরাং এভাবে যাকাত আদায় করলে যাকাত আদায় হবে না।

আরও জানতে দেখুন: বিদ্যানন্দ ফাউন্ডেশনে যাকাত দেওয়া যাবে কি না?

فقط. والله تعالى أعلم بالصواب

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)

২৮-১১-১৪৪৩ হি.

২৯-০৬-২০২২ ঈ.